

পোস্ট ম্যাট্রিক (SC/ST/OBC) স্কলারশিপ (OASIS) সংক্রান্ত নিয়মাবলী/নির্দেশাবলী

- আবেদনকারী oasis.gov.in পোর্টালে সমস্ত তথ্য সঠিক ভাবে পূরন করে অনলাইনে ফর্ম সাবমিট করবেন। কোনও Cyber/Internet Café বা 'তথ্য মিত্র কেন্দ্র' থেকে ফর্ম পূরণ করা হলে আবেদনকারী নিজ দায়িত্বে নিশ্চিত হবেন যে সমস্ত তথ্য সঠিক ভাবে দেওয়া হয়েছে।
- ফর্ম সাবমিট করার সময় application verify করে lock করতে হবে। verify না করে lock করলে ব্লকের অনলাইন পোর্টালে application verify করা যাবে না। অনলাইনে ফর্ম সাবমিট করার পর 'Track an application' এ গিয়ে নিশ্চিত হতে হবে যে application 'Locked and Verified' অবস্থায় রয়েছে। Application 'Not Locked and Verified' অবস্থায় থাকলে পুনরায় Student Login থেকে Application টি verify করে lock করতে হবে।
- অনলাইনে ফর্ম ফিল আপ করার সময় সমস্ত তথ্য নির্ভুল ভাবে পূরন করতে হবে; বিশেষত ব্যাক্কে অ্যাকাউন্টের বিবরণ, জন্ম তারিখ, কাস্ট সার্টিফিকেট নম্বর ইত্যাদি। কোথাও ভুল তথ্য দেওয়া হলে আবেদনকারীর নিজের দ্বারা বা ব্লকে কোনো সংশোধন করা যাবে না। সেক্ষেত্রে সরাসরি জেলা অফিসে যোগাযোগ করতে হবে।
- আবেদনপত্র জমা দেবার সময় নিম্নলিখিত কাগজ গুলি ক্রমানুযায়ী সাজিয়ে জমা করতে হবে এবং সমস্ত জেরক্স কপি self attested করতে হবে -

1) ২০১৯-২০২০ সালের Acknowledgement Slip (দুই কপি) এবং Online Application (১ কপি পাসপোর্ট সাইজ ছবি সহ)

* আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে প্রযোজ্য সকলের স্বাক্ষর করতে হবে। কোনো একটি স্থানে স্বাক্ষর না করা থাকলে আবেদনপত্রটি বাতিল বলে গণ্য হবে। আবেদনকারীর নিজের সুবিধার জন্য Online Application-এর প্রথম পাতাটি নিজের কাছে রেখে দেবেন।

2) College Admission Slip for Present Class

3) SC/ST/OBC Certificate

* সার্টিফিকেট manual বা হাতে লেখা থাকলে অনলাইন নাম্বার সহ একটি প্রিন্ট আউট কপি দিতে হবে।

4) First Page of Bank Passbook

* আবেদনকারীকে নিশ্চিত হতে হবে যে ব্যাঙ্ক অ্যাকাউন্টটি সচল রয়েছে

5) Aadhar Card

6) M.P. Admit Card (বয়সের প্রমাণ স্বরূপ)

7) Income Certificate

8) শেষ পরীক্ষার মার্কশিট

9) Hostel Admission Copy এবং fees receipt (এক্ষেত্রে হস্টেলটি সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ দ্বারা পরিচালিত হতে হবে এবং আবেদনপত্রের সঙ্গে জমা দেওয়া receipt বা রসিদ হস্টেল সুপারিন্টেন্ডেন্ট ও অধ্যক্ষের স্বাক্ষর সহ জমা দিতে হবে)

10) কোনও আবেদনকারী আগে Online Application submit করা সত্ত্বেও পুনরায় আবেদন করলে তার নতুন Application টি বাতিল বলে গণ্য হবে যেহেতু Duplicate Application টি ব্লকের অনলাইন পোর্টালে verify করা যাবে না

- দ্বাদশ উত্তীর্ণ সকল আবেদনকারীকে উপরোক্ত সমস্ত নথি সহ আবেদনপত্রটি নিজে এসে ব্লক অফিসের অনগ্রসর শ্রেণি কল্যাণ দপ্তরে (SC/ST/OBC Dept.) প্রতি সোমবার বেলা ১১ টা থেকে দুপুর ২ টা পর্যন্ত জমা দিতে হবে। আবেদনকারী নিজে না এলে এবং নির্দিষ্ট দিন ও সময় ছাড়া কোনও আবেদনপত্র জমা নেওয়া হবে না। জমা দেওয়ার সময় একটি Acknowledgement Slip জমা দেওয়ার রসিদ হিসেবে দেওয়া হবে।
- Acknowledgement Slip এর মাধ্যমে oasis.gov.in > Track an application > select district > application ID দিয়ে আবেদনকারী নিজেই জানবেন তার Application টি verify হয়েছে কিনা (Track An Application - এর মাধ্যমে আবেদনকারী নিজের সুবিধা অনুযায়ী বিভিন্ন সময়ে তার আবেদনপত্রের Status জানতে পারবেন এবং এটি আবেদনকারীর নিজের ব্যবহারের জন্য। ব্লক অফিস থেকে কোনও Online Application Status দেখা হয় না)। Application Online Verification শুরু হবার পর ও Application জমা দেওয়ার ১ মাসের মধ্যে Application টি verify না হলে বা 'Hardcopy Pending in Sonamukhi Block/Municipality' দেখালে, জমা দেবার সময় রসিদ হিসেবে পাওয়া Acknowledgement Slip টি নিয়ে ব্লক অফিসে দেখা করতে হবে।
- ব্লক অফিসে শুধুমাত্র application online verify করা হয়, কোনো রকম সংশোধন বা ব্যাঙ্ক অ্যাকাউন্টে টাকা না ঢোকা বা দেহিতে ঢোকা সংক্রান্ত প্রশ্ন/অভিযোগ করতে সরাসরি জেলা অনগ্রসর শ্রেণি কল্যাণ অফিসে যোগাযোগ করতে হবে।